কর্মকর্তা/কর্মচারীদের তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত

০৯ অক্টোবর ২০২৪
আগারগাঁও, ঢাকা।

তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ আজ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সভা কক্ষে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক জনাব মো. কামরুজ্জামান। প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালক জনাব ফারহানা রহমান ও উপপরিচালক জনাব আরিফ সাদেক।

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সকল কর্মকর্তা ও কর্মচারী সভায় উপস্থিত ছিলেন।